



# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয় 'কৃষি ব্যাংক ভবন'

৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

কৃষি ও পল্লী ঋণ বিভাগ

www.krishibank.org.bd

পত্র নং-বিকেবি-প্রকা/কৃপবি-৩৬৪/২০২৩-২০২৪/৪১০(১২০০)

তারিখঃ ১৪ ফেব্রুয়ারি, ২০২৪

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।

উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।

সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।

সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)

বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় : ডাল, তৈলবীজ, মসলা জাতীয় ফসল ও ভুট্টা চাষের জন্য ৪% রেয়াতী সুদ হারে ২০২৩-২০২৪ অর্থ বছরের কৃষি ঋণ বিতরণের আনুপাতিক লক্ষ্যমাত্রা শতভাগ অর্জন প্রসঙ্গে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ কর্তৃক জারীকৃত পত্র নং-প্রকা/শানিব্যউবি-১(৪)কৃষি/২০২৩-২০২৪/৩৮৫, তারিখঃ ২৬/০৯/২০২৩ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। দেশে ডাল, তৈলবীজ, মসলা জাতীয় ফসল ও ভুট্টার প্রচুর চাহিদা থাকা সত্ত্বেও উৎপাদন সে অনুযায়ী যথেষ্ট নয় বিধায় এসব পণ্য আমদানী বাবদ প্রতি বছর প্রচুর বৈদেশিক মুদ্রা ব্যয় হয়। এ সকল ফসল বিদেশ হতে আমদানী নির্ভরতা কমানোর লক্ষ্যে কৃষকগণকে এ খাতে উৎপাদন বাড়ানোর উৎসাহ প্রদানের জন্য বাংলাদেশ ব্যাংক কর্তৃক ৪% রেয়াতী সুদ হারে ঋণ বিতরণের নির্দেশনা প্রদান করা হয়েছে। ২০২৩-২০২৪ অর্থ বছরের কৃষি ও পল্লী ঋণ নীতিমালা ও কর্মসূচি এর অনুচ্ছেদ নং ৩.১.১৭.১ এর উপ-অনুচ্ছেদ নং ২(খ) এর মাধ্যমে ৪% রেয়াতী সুদ হারে মোট কৃষি ঋণ বিতরণের লক্ষ্যমাত্রার ১% আমদানী বিকল্প ফসল খাতে বিতরণ লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়। ৩১/০১/২০২৪ তারিখ ভিত্তিক বিভাগওয়ায়ী ঋণ বিতরণের সার্বিক অবস্থা নিম্নরূপ :

(লক্ষ টাকায়)

| ক্রঃ<br>নং | বিভাগীয়<br>কার্যালয় | ২০২৩-২০২৪ অর্থবছরে ৪% রেয়াতী সুদ হারে ঋণ বিতরণ ও অর্জন |         |             |                       |                |
|------------|-----------------------|---------------------------------------------------------|---------|-------------|-----------------------|----------------|
|            |                       | ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা                                   | অর্জন   | অর্জনের হার | আনুপাতিক লক্ষ্যমাত্রা | অর্জন(কম/বেশি) |
| ১          | ঢাকা                  | ১৫০১.০০                                                 | ৩৭৩.৭২  | ২৫%         | ৮০৮.২৩                | (-) ৪৩৪.৫১     |
| ২          | ময়মনসিংহ             | ১০৯৯.০০                                                 | ১০৭.০৭  | ১০%         | ৫৯১.৭৭                | (-) ৪৮৪.৭০     |
| ৩          | চট্টগ্রাম             | ১০৯৪.০০                                                 | ১৭৯.৩৪  | ১৬%         | ৫৮৯.০৮                | (-) ৪০৯.৭৪     |
| ৪          | খুলনা                 | ১৬৫৯.০০                                                 | ১৭৫.১৮  | ১১%         | ৮৯৩.৩১                | (-) ৭১৮.১৩     |
| ৫          | বরিশাল                | ১২৯৬.০০                                                 | ১৯৬.৩৮  | ১৫%         | ৬৯৭.৮৫                | (-) ৫০১.৪৭     |
| ৬          | সিলেট                 | ৭১২.০০                                                  | ২৯.০০   | ৪%          | ৩৮৩.৩৮                | (-) ৩৫৪.৩৮     |
| ৭          | কুমিল্লা              | ১০৯০.০০                                                 | ২২৭.৯৭  | ২১%         | ৫৮৬.৯২                | (-) ৩৫৮.৯৫     |
| ৮          | ফরিদপুর               | ১১৪০.০০                                                 | ৮৫৬.৬০  | ৭৫%         | ৬১৩.৮৫                | ২৪২.৭৫         |
| ৯          | কুষ্টিয়া             | ১২৮৯.০০                                                 | ২১৭.১৯  | ১৭%         | ৬৯৪.০৮                | (-) ৪৭৬.৮৯     |
| ১০         | এলপিও                 | ১২০.০০                                                  | -       | -           | ৬৪.৬২                 | (-) ৬৪.৬২      |
| মোট-       |                       | ১১০০০.০০                                                | ২৩৬২.৪৫ | ২১%         | ৫৯২৩.০৮               | (-) ৩৫৬০.৬৩    |

উপরোক্ত সারণী পর্যালোচনায় দেখা যায় ২০২৩-২০২৪ অর্থবছরের ১১০০০.০০ লক্ষ টাকা ঋণ বিতরণ লক্ষ্যমাত্রার বিপরীতে ৩১/০১/২০২৪ তারিখ পর্যন্ত আনুপাতিক লক্ষ্যমাত্রা ৫৯২৩.০৮ লক্ষ টাকার বিপরীতে ঋণ বিতরণ হয়েছে ২৩৬২.৪৫ লক্ষ টাকা। অর্থবছরের ইতিমধ্যে সাত মাস অতিক্রান্ত হলেও এ খাতে ফরিদপুর বিভাগ ব্যতিত কোন বিভাগেরই ঋণ বিতরণের আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি।

০৩। এমতাবস্থায়, ২০২৩-২০২৪ অর্থবছরে ডাল, তৈলবীজ, মসলা জাতীয় ফসল ও ভুট্টা চাষের জন্য ৪% রেয়াতী সুদ হারে সংশ্লিষ্ট খাতের ঋণ বিতরণ লক্ষ্যমাত্রার শতভাগ অর্জনের পরামর্শ দেয়া হলো। বিভাগীয় মহাব্যবস্থাপকবৃন্দ এবং অঞ্চল প্রধানগণকে উক্ত বিশেষ ঋণ বিতরণ কার্যক্রম নিয়মিত মনিটরিংসহ প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করার জন্য অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

(মোহাম্মদ মঈনুল ইসলাম)

উপমহাব্যবস্থাপক

ই-মেইলঃ dgmppd@krishibank.org.bd


বিষয় : ডাল, তৈলবীজ, মসলা জাতীয় ফসল ও ভুট্টা চাষের জন্য ৪% রেয়াতী সুদ হারে ২০২৩-২০২৪ অর্থ বছরের কৃষি ঋণ বিতরণের আনুপাতিক লক্ষ্যমাত্রা শতভাগ অর্জন প্রসঙ্গে।

পত্র নং-বিকেবি-প্রকা/কৃপবি-৩৬৪/২০২৩-২০২৪/৪১০(১২০০)

তারিখঃ ১৪ ফেব্রুয়ারি, ২০২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
- ০৫। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। (উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।)
- ০৬। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৭। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৮। নথি/মহানথি।

  
(মোহাম্মদ শরিফুল ইসলাম)  
সহকারী মহাব্যবস্থাপক